



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/26/2022

গভর্নর ক্যাথি হোকল

বেসরকারি খাতের কর্মীদের জন্য নিরাপদ অবসরগ্রহণ পরিকল্পনা প্রতিষ্ঠার ক্ষেত্রে
গভর্নর হোকলের গুরুত্বপূর্ণ মাইলফলক ঘোষণা

বুধবার, 26 জানুয়ারি নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ড এটির প্রথম
বৈঠক সম্পন্ন করেছে

রিটায়ারমেন্ট সেভিংস প্রোগ্রামের বাস্তবায়ন শুরু হয়েছে

গভর্নর ক্যাথি হোকল আজ নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ড (New York Secure Choice Savings Program Board)-এর বৈঠক আহ্বান সম্পর্কে ঘোষণা করেছেন। নিউ ইয়র্কের বেসরকারি খাতের কর্মচারীদের জন্য একটি নিরাপদ রিটায়ারমেন্ট সেভিংস প্রোগ্রাম প্রতিষ্ঠার এটি প্রথম পর্যায়। [সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম](#), যেটি 2018 সালে প্রণীত হয়েছিল, যাতে স্বনির্ভর এবং নিয়োগকর্তার পৃষ্ঠপোষকতায় প্রদত্ত অবসরগ্রহণ পরিকল্পনার অ্যাক্সেস নেই এমন কর্মীদের জন্য অ্যাক্সেসযোগ্য হয় তা নিশ্চিত করতে গত শরতে গভর্নর হোকল আইন স্বাক্ষর করেছেন।

"বেসরকারি খাতের কর্মচারীরা যাতে একটি সহজ, কম-খরচের মাধ্যমে অবসর গ্রহণের জন্য সঞ্চয় করতে পারেন নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম তা নিশ্চিত করবে," **বলেছেন গভর্নর হোকল**। "আমার প্রশাসন সব নিউ ইয়র্কবাসীর আর্থিক স্থিতিশীলতা ও সফলতার জন্য অঙ্গীকারাবদ্ধ, এবং তাদের জন্য একটি নির্ভরযোগ্য অবসর গ্রহণের পরিকল্পনা নিশ্চিত করাটা সেই মিশনের বড় একটি অংশ।"

গভর্নর হোকলের নেতৃত্বাধীন বোর্ড এখন এই কর্মসূচি বাস্তবায়ন শুরুর জন্য প্রস্তুত, যা বেসরকারি খাতের কর্মচারীদের জন্য অবসর গ্রহণের জন্য সঞ্চয় পরিকল্পনায় অ্যাক্সেস থাকা নিশ্চিত করবে। সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম একটি স্বনির্ভর অবসর গ্রহণের জন্য সঞ্চয় পরিকল্পনা যেখানে স্বয়ংক্রিয়ভাবে তালিকাভুক্তি এবং একটি ব্যক্তিগত অবসর গ্রহণের অ্যাকাউন্টে (Individual Retirement Account, IRA) বেতন কেটে নেওয়ার ব্যবস্থা রয়েছে। অধিকাংশ নিয়োগকর্তার জন্য এই কর্মসূচি বাধ্যতামূলক করা হবে এবং কর্মচারীরা যেকোনো সময় এটি থেকে বের হয়ে যেতে পারবেন।

আজকের প্রাথমিক বৈঠকের সময়, সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ড ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফাইন্যান্স (Department of Taxation and Finance)-কে এই কর্মসূচি বাস্তবায়নের দায়িত্ব গ্রহণ করার নির্দেশ প্রদান করেছে। ট্যাক্স বিভাগ শীঘ্রই সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রামের নকশা করার কাজে সাহায্য করার জন্য একজন কনসালটেন্ট চেয়ে প্রস্তাব পাঠানোর জন্য উন্মুক্ত অনুরোধ জানাবে। এই কর্মসূচির দ্রুত বাস্তবায়ন হওয়া এবং অবসর গ্রহণকারী নিউ ইয়র্কবাসীদেরকে সাহায্য করতে শুরু করা নিশ্চিত করার জন্য এটি একটি অতি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বর্তমানে নিউ ইয়র্ক স্টেটের সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রামের বোর্ড সদস্যরা হলেন:

ক্রিস কার্টিস, যিনি ডিপার্টমেন্ট অব ট্যাক্সেশন এন্ড ফাইন্যান্স এর কমিশনার পদে মনোনীত হয়েছেন

টম নিতিদো, যিনি নিউ ইয়র্ক স্টেট কম্পিউটার পদে মনোনীত হয়েছেন

শিরিন এমামি, যিনি আর্থিক পরিষেবা বিভাগের (Department of Financial Services) সুপারিন্টেন্ডেন্ট পদে মনোনীত হয়েছেন

বেথ ফিনকেল, স্টেট ডিরেক্টর অব AARP নিউ ইয়র্ক

লিজা সোরিন, ব্রক্স চেম্বার অব কমার্সের (Bronx Chamber of Commerce) প্রেসিডেন্ট

ভারপ্রাপ্ত সেক্রেটারি অব স্টেট রবার্ট জে. রডরিগেজ বলেন, "নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ড প্রতিষ্ঠা করার মাধ্যমে গভর্নর হোকল কয়েক মিলিয়ন নিউ ইয়র্কবাসীকে একটি নিরাপদ আর্থিক ভিত্তিতে উঠানোর পরিকল্পনা সামনে এগিয়ে নিচ্ছেন যা তাদেরকে অবসর গ্রহণের পরে স্বনির্ভরভাবে জীবন যাপন করার সুযোগ করে দিবে। ইস্ট হার্লেমের একজন নির্বাচিত কর্মকর্তা, এবং এই বিলের প্রধান পৃষ্ঠপোষক হিসেবে, আমি সব নিউ ইয়র্কবাসীর মর্যাদার সঙ্গে অবসর গ্রহণ করতে পারা এবং একই সময়ে সকল নিউ ইয়র্কবাসীর কাছে এই জীবন পাল্টে দেওয়া সুবিধা পৌঁছে দেওয়ার জন্য ক্ষুদ্র ব্যবসায়ীদের জন্য একটি সহজ কম-খরচের বিকল্প প্রদান করার প্রয়োজন অনুধাবন করতে পেরেছি, এবং এই কর্মসূচির মধ্য দিয়ে NYS নিউ ইয়র্কের হাজার হাজার প্রবীণের জন্য আর্থিক ক্ষমতায়ন ও সমতা নিয়ে আসার পদক্ষেপগুলো গ্রহণ করেছে। ডিপার্টমেন্ট অব স্টেট (Department of State)-এ আমাদের মিশন হলো কর্পোরেশন ও স্বতন্ত্র লাইসেন্সপ্রাপ্তদের সহায়তা করা এবং এই কর্মসূচি NYS আমাদের স্টেটের কর্মচারীদের ও ক্ষুদ্র ব্যবসায়ীদেরকে সহায়তা করেছে এবং একই সময়ে সত্যিকার অর্থেই "ব্যবসার জন্য উন্মুক্ত" থাকছে তা নিশ্চিত করার আরেকটি হাতিয়ার।"

সিনেটর ডিয়ান স্যাভিনো বলেন, "লোকজন সবসময় ভাবে যে তাদের অবসরগ্রহণের জন্য সঞ্চয় করার সময় আছে কিন্তু বহু লোক সেটা কখনোই করে না। যখন তৎকালীন অ্যাসেম্বলিম্যান, বর্তমান ভারপ্রাপ্ত সেক্রেটারি অব স্টেট রবার্ট রডরিগেজ, এবং আমি কয়েক বছর আগে NYS সিকিউর চয়েস অবসর গ্রহণের পরিকল্পনা তৈরির জন্য একটি বিল উত্থাপন করেছিলাম সেসময় লক্ষ্য ছিল নিউ ইয়র্কবাসীদের দরিদ্র অবস্থায় বার্ষিক্যে উপনীত হওয়া প্রতিরোধ করা। এই কর্মসূচিকে মূল্যবান বলে মনে করে, এই আইনের উন্নয়নগুলো স্বাক্ষর করে, দ্রুত বোর্ড গঠন করায় আমি গভর্নর হোকলের প্রশংসা করি। আমি আশা করছি বোর্ডের সদস্যরা এই পরিকল্পনা সম্পন্ন করতে দ্রুত গতিতে ও বিজ্ঞতার সঙ্গে কাজ করবেন।"

আরো তথ্যের জন্য [নিউ ইয়র্ক সিকিউর চয়েস সেভিংস প্রোগ্রাম বোর্ডের ওয়েবসাইটে](#) ভিজিট করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)